**অতীব জরুরি**
**বিশেষ মাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৫-২৭৬

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৫ সাল/২০২৪-২৫ অর্থবছরে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন গ্রহণের জন্য শিক্ষার্থীদের তথ্য সার্ভারে হালনাগাদ রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৫ সাল/২০২৪-২৫ অর্থবছরে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ডিগ্রী ১ম বর্ষের শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তি এন্ট্রির আবেদন ১৫ এপ্রিল ২০২৫ খ্রি. থেকে শুরু হবে। জাতীয় ও ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীর তথ্য এপিআই ইন্টিগ্রেশন এর মাধ্যমে প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডাটাবেজ যে সকল সার্ভারে রাখা আছে সেগুলো প্রস্তুত রাখা অত্যন্ত আবশ্যক।

২। এছাড়া, কলেজ ও মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধানগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সফটওয়্যার এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়-এর ওয়েবসাইট এর ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্টে লগইন করে এবং শিক্ষার্থীদের তালিকা ই-স্টাইপেন্ড সিস্টেমের মাধ্যমে অনুমোদন ও ট্রাস্টে প্রেরণ করে বিধায় উক্ত সফটওয়্যার এবং ওয়েবসাইট সচল রাখাও আবশ্যক।

৩। এমতাবস্থায়, 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম'-এর মাধ্যমে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সুষ্ঠুভাবে দাখিল ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করার লক্ষ্যে সংশ্লিষ্ট সার্ভারসমূহ সক্রিয় এবং উক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ভর্তি ও নিবন্ধনের তথ্য সার্ভারে হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** প্রকাশিত বিজ্ঞপ্তি ০১ (এক) প্রস্থ।

০৭/৪/২০২৫

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩. রেজিস্ট্রার, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**
১. পরিচালক (আইসিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (ইএমআইএস সেল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার/প্রোগ্রামার, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
৬. ব্যক্তিগত সহকারী, পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পরিচালক এর সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৫-২৭৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

১। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় **১৫ এপ্রিল ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১৫ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

২। সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন অনলাইনে সফটওয়্যারে আপলোড করে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করার তারিখ ও সময় **১৬ মে ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ২৭ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

৩। বর্ণিত নির্ধারিত সময়ের পরে কোন শিক্ষার্থীর আবেদন এন্ট্রি বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করা যাবে না।

৪। উল্লেখ্য, উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদন ফরমে শিক্ষার্থী/পিতা/মাতা'র একাউন্ট নম্বর হিসাবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শুধুমাত্র সচল **'নগদ'** একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।

৫। শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের www.pmeat.gov.bd ওয়েবসাইট এবং PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৬। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইনঃ **০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৬৪১৫৬ ও ০১৭২৪৫৯৬৬৭৬** (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০৭/৪/২০২৫

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd